

সোনারগাঁয়ে দেড় ঘণ্টার ব্যবধানে দুই প্রশ্নপত্র প্রতিবাদ বিক্ষোভ

■ সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি
সোনারগাঁয়ে এইচএসসি অনিয়মিত
পরীক্ষার্থীদের দেড় ঘণ্টার ব্যবধানে
নিয়মিত ও অনিয়মিত দুই প্রশ্নপত্রে
পরীক্ষা গ্রহণের
অভিযোগ পাওয়া
গেছে। গতকাল
সোমবার হিসাব বিজ্ঞান
দ্বিতীয়পত্র পরীক্ষায় এ
ঘটনা ঘটে। সোনারগাঁ
কাজী ফজলুল হক
উইমেল কলেজ পরীক্ষাকেন্দ্রে।
পরীক্ষা শেষে ২১ জন ভুক্তভোগী
শিক্ষার্থী এর প্রতিকার চেয়ে সোমবার
বিকলে উপজেলা কেন্দ্রীয় শহীদ
মিনারে বিক্ষোভ ও মানববন্ধন করে।
পরে তারা উপজেলা নির্বাহী কর্মকর্তা
বরাবর মারকপি দেয়। তবে
পরীক্ষাকেন্দ্রের সচিব এমদাদুল হক
নুরের দাবি বিষয়টি অনাকাঙ্ক্ষিত।

ক্ষম না হয়। এ ব্যাপারে তিনি
কর্তৃপক্ষের জরুরি হস্তক্ষেপ কামনা
করেন।

কেন্দ্র সচিব সোনারগাঁ কাজী
ফজলুল হক উইমেল
কলেজের ভারপ্রাপ্ত
অধ্যক্ষ এমদাদুল হক নূর
ঘটনার সত্যতা স্বীকার
করে বলেন, ২০-২৫
মিনিট অতিবাহিত
হওয়ার পর

এইচএসসি পরীক্ষা

অনাকাঙ্ক্ষিত ভুলের বিষয়টি জানতে
পেরে তাৎক্ষণিকভাবে সঠিক প্রশ্নপত্র
বিতরণ করা হয়।

সোনারগাঁ উপজেলা নির্বাহী
কর্মকর্তা আবু নাসের ভূঞা জানান,
কক্ষ পরিদর্শকের অসাবধানতার
कारणे এমনটা হয়েছে। উদতপূর্বক
প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

সোমবার উপজেলার সোনারগাঁ
কাজী ফজলুল হক উইমেল কলেজ
পরীক্ষাকেন্দ্রে যথাসময়ে শিক্ষার্থীদের
মাঝে হিসাব বিজ্ঞান দ্বিতীয়পত্রের
প্রশ্নপত্র ও উত্তরপত্র বিতরণ করা
হয়। পরীক্ষার দেড় ঘণ্টা সময়
অতিবাহিত হওয়ার পর পরীক্ষাকেন্দ্র
সচিব এমদাদুল হক নূর অনিয়মিত
শিক্ষার্থীদের ভুলবশত নিয়মিত
পরীক্ষার প্রশ্নপত্র বিতরণ করার
বিষয়টি বুঝতে পারেন। এ সময়
তিনি তড়িৎ করে ভুল প্রশ্নপত্র
পরিবর্তন করে ওই শিক্ষার্থীদের
মাঝে ফের অনিয়মিত পরীক্ষার
প্রশ্নপত্র বিতরণ করেন। এদিকে ভুল
প্রশ্নপত্রের ওপর পরীক্ষা দেওয়ার
দেড় ঘণ্টা অতিবাহিত হলেও সঠিক
প্রশ্নপত্রে শিক্ষার্থীদের তিন ঘণ্টার
মধ্যে বাকি দেড় ঘণ্টা সময়ই দেওয়া
হয়। এ ঘটনার শিকার ২১ পরীক্ষার্থী
পরীক্ষা শেষে কেন্দ্রের বাইরে এলে
বিষয়টি জানাজানি হয়। এতে
পরীক্ষার্থীসহ অভিভাবক ও তাদের
স্বজনরা বিক্ষুব্ধ হয়ে ওঠেন। এ সময়
শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা
কান্নায় ভেঙে পড়েন।

অভিভাবক মোজাম্মেল জানান,
শিক্ষকদের এ ভুলের কারণে
শিক্ষার্থীদের ভবিষ্যৎ যাতে করে